



European University of Bangladesh

2/4, Gabtoli, Mirpur, Dhaka-1216

www.eub.bd, E-mail: info@eub.edu.bd

স্মারক নং-ইইউবি/প্রস্ট্র অ/বি/০১/২০২৬

তারিখঃ ০১ জুলাই, ২০২৬

শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ

এতদ্বারা ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর সকল শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অতি সম্প্রতি বিশ্ববিদ্যালয় পরিদর্শনকালে পরিলক্ষিত হয় যে বিশ্ববিদ্যালয়ের অব্যবহৃত সিঁড়ি, কক্ষ, করিডোর, ক্লাসরুম ও বেইজমেন্ট সহ অন্যান্য স্থানসমূহে কিছু সংখ্যক ছাত্র-ছাত্রীকে আপত্তিকর অবস্থায় অবস্থান এবং ক্লাস চলাকালে অননুমোদিত আড্ডা বা সমাবেশ করতে দেখা যায় যা শিক্ষার পরিবেশ, নৈতিকতা ও শৃঙ্খলার পরিপন্থী। বিশ্ববিদ্যালয় একটি সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠান তাই অত্র প্রতিষ্ঠানের যথাযথ ভাবগাম্ভীর্য, মূল্যবোধ বজায় রাখা আমাদের সকলের নৈতিক দায়িত্ব। উপর্যুক্ত বিষয়ে যথাযথ নির্দেশনা বিশ্ববিদ্যালয়ের Code of Conducts for the Students of EUB তে উল্লেখ আছে।

এ বিষয়ে, সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীকে Code of Conducts for the Students of EUB যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। কর্তৃপক্ষ অত্র বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিকট হতে আরো দায়িত্বশীল ও মার্জিত আচরণ আশা করে।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা, নিরাপত্তা ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ সমুন্নত রাখার লক্ষ্যে সকল বিভাগের বিভাগীয় চেয়ারম্যান ও অন্যান্য শিক্ষক মণ্ডলীদের ছাত্র-ছাত্রীদের শালীনতা ও ভদ্রতা বজায় রাখার বিষয়ে প্রয়োজনীয় প্রেষণা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

এ বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

নির্দেশক্রমে

মেজর (অব.) মোঃ আমিনুর রহমান
প্রস্ট্র, ইইউবি